

আনুমানিক কাজের সময়সূচি পাওয়ার অধিকার আপনার আছে

NYC Fair Workweek Law (ন্যায়্য কর্ম-সপ্তাহের আইন) এর অধীনে, নির্দিষ্ট রিটেইল নিয়োগকর্তাদেরকে অবশ্যই তাদের কর্মীদেরকে আনুমানিক কাজের সময়সূচি প্রদান করতে হবে। রিটেইলারদেরকে অবশ্যই প্রতিটি NYC কর্মস্থলে এমন জায়গায় বিজ্ঞপ্তি টাঙাতে হবে যাতে সমস্ত কর্মী তা সহজেই দেখতে পান।

রিটেইল কর্মীরা আইনটির অধীনস্থ

NYC-তে প্রাথমিকভাবে ভোগ্যপণ্য বিক্রয়কারী ও অন্তত 20 জন কর্মী কাজ করেন এমন রিটেইল ব্যবসায় কর্মরত সমস্ত কর্মী।

আইনটি অভিবাসন স্থিতি নির্বিশেষে প্রযোজ্য।

রিটেইল কর্মীরা আইনটির অধীনস্থ নন

নির্দিষ্ট যৌথ দরকষাকষির চুক্তির অওতাভুক্ত কর্মীরা।



নিয়োগকর্তারা কর্মীদের বিরুদ্ধে তাদের আইনি অধিকার খর্ব করার জন্য শাস্তি, জরিমানা করতে পারবেন না, প্রতিশোধ নিতে পারবেন না অথবা কোন পদক্ষেপ নিতে পারবেন না। কর্মীদের প্রতি প্রতিশোধমূলক আচরণ করা হলে তাদেরকে অবিলম্বে OLPS এর সঙ্গে যোগাযোগ করতে হবে। নিচে দেখুন।

আপনার অধিকারসমূহ

72 কাজের সময়সূচির 72 ঘন্টার অগ্রিম বিজ্ঞপ্তি

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- আপনার নিয়োগকর্তা আপনার সঙ্গে যেভাবে যোগাযোগ করেন সেইভাবে আপনার নিয়োগকর্তা কাজের সময় শুরু হওয়ার অন্তত 72 ঘন্টা আগে আপনাকে লিখিতভাবে কাজের সময়সূচি দেবেন তা টেক্সট ও ইমেল মারফত হতে পারে।
- আপনার কর্মস্থলের এমন জায়গায় সময়সূচি টাঙাতে হবে যেখানে সবাই যেন তা দেখতে পাই।
- কাজের সময়সূচিতে তারিখ, শিফটের শুরু ও শেষের সময় এবং সমস্ত শিফটের স্থান অন্তর্ভুক্ত থাকতে হবে।
- যদি সময়সূচির পরিবর্তন হয় তাহলে তা আপডেট ও আবার টাঙাতে হবে এবং সমস্ত কর্মীর সঙ্গে যোগাযোগ করতে হবে।



72 ঘন্টার মধ্যে বিজ্ঞপ্তির কমে কোনো শিফট যোগ করা যাবে না

যদি আপনার নিয়োগকর্তা আপনার সময়সূচির পরিবর্তনের 72 ঘন্টার পরে কোন সময় ও শিফট যোগ করতে চান তাহলে সেই পরিবর্তন গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার আপনার আছে। যদি আপনি অতিরিক্ত শিফট গ্রহণ করেন তাহলে আপনাকে তা লিখিতভাবে জানাতে হবে।



72 ঘন্টার মধ্যে বিজ্ঞপ্তি দিয়ে না জানালে কোন শিফট বাতিল করা যাবে না

আপনার নিয়োগকর্তা শিফট শুরুর আগে 72 ঘন্টার থেকে কম সময়ের মধ্যে কোন শিফট বাতিল করতে পারবেন না।



কোন অন-কল শিফট নয়

আপনার নিয়োগকর্তা আপনাকে এগুলো করতে বলতে পারবেন না:

- নিয়োগকর্তার চাহিদা মতো আপনি আসলে কাজ করছেন বা এসেছেন তা নির্বিশেষে যে কোন সময়ে আপনাকে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।
- আপনাকে শিফটের জন্য রিপোর্ট করতে হবে কিনা তা জানতে নির্ধারিত শিফটের 72 ঘন্টার মধ্যে “চেক-ইন” করা।

ব্যতিক্রম:

আপনার নিয়োগকর্তা নিম্নলিখিত পরিস্থিতিতে বন্ধের জন্য 72 ঘন্টার কম সময়ের মধ্যে আপনার সময়সূচি পরিবর্তন করতে পারে:

- কর্মী নিরাপত্তা বা নিয়োগকর্তার সম্পত্তির ক্ষতি
- সরকারি উপযোগিতা ব্যর্থতা
- গণ পরিবহন বন্ধ
- আগুন লাগা, বন্যা বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়
- সরকার ঘোষিত জরুরি অবস্থা

আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার অনুরোধ অনুসারে ছুটি দিতে পারে অথবা অন্য রিটেইল কর্মীর সঙ্গে শিফট বিনিময় করার অনুমতি দিতে পারে।

অভিযোগ জানানো

গ্রাহক বিষয়ক বিভাগ (DCA) শ্রম নীতি ও মানক অফিস (OLPS) Fair Workweek Law এবং অন্যান্য NYC শ্রম আইন বলবৎ করে।

OLPS এর মাধ্যমে অভিযোগ করার জন্য nyc.gov/dca দেখুন অথবা 311 (NYC এর বাইরে 212-NEW-YORK) নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন। OLPS একটি তদন্তের ব্যবস্থা করবে এবং আপনার অভিযোগের সমাধান করতে চেষ্টা করবে। **তদন্ত সম্পূর্ণ করার জন্য বা আইন অনুসারে প্রয়োজনীয় না হওয়া পর্যন্ত OLPS আপনার পরিচয় গোপন রাখবে।**

আপনি আদালতে একটি ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন দাখিল করতে পারেন। তবে, আপনি OLPS এর মাধ্যমে অভিযোগ এবং আদালতে দাবি একই সঙ্গে করতে পারবেন না।

OLPS এর সঙ্গে যোগাযোগ করুন

nyc.gov/dca দেখুন, FWW@dca.nyc.gov এ ইমেল করুন অথবা 311 নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন।



Consumer
Affairs

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

*আপনার নিয়োগকর্তাকে অবশ্যই এই বিজ্ঞপ্তি সেই ভাষায় টাঙাতে হবে যে ভাষাটি আপনার কর্মস্থলের অন্তত 5 শতাংশ কর্মীর প্রাথমিক ভাষা, যদি তা DCA ওয়েবসাইটে উপলব্ধ থাকে।